দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 23 APR 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ...

## এসএসসি পরীক্ষার ২য় দিনে

# খেপুপাড়ায় ভুয়া পরীক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ ॥ ৩৬৮ জন ছাত্র বহিষ্কৃত

জনকণ্ঠ রিপোর্ট

এসএসসি পরীক্ষার ২য় দিনে শনিবার দেশের বিভিন্ন এলাকার পরীক্ষা কেন্দ্র থেকে মোট ৩৬৮ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়েছে। খেপুপাড়ায় পরীক্ষার হল থেকে বের করে দেয়া ভুয়া পরীক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়েছে। দেশের আরও অনেক এলাকা থেকে ভুয়া রেজিস্ট্রেশনের কারণে পরীক্ষার্থীরা পরীক্ষা দিতে পারেনি বলে খবর পাওয়া গেছে।

শনিবার বাংলা ২য় পত্র বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়। বাংলা ২য় পত্র পরীক্ষায় ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্রে বহিষ্কৃত হয়েছে ১১৯ জন পরীক্ষার্থী। এদের মধ্যে রয়েছে গাজীপুর ৪, নরসিংদীতে ১৪, মুন্সীগঞ্জে ২, মানিকগঞ্জে ৬, টাঙ্গাইলে ১৪, ফরিদপুরে ২, শরীয়তপুরে ২,

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## খেপুপাড়ায় (প্রথম পাতার পর)

ময়মনসিংহে ২৪, জামালপুরে ১৭, কিশোরগঞ্জে ৭, নেত্রকোনায় ১৪ এবং শেরপুরে ১৩ জন।

স্টাফ রিপোর্টার জানান, রাজশাহী বোর্ডের ১৩টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে বহিষ্কৃত হয়েছে ১৪২ জন পরীক্ষার্থী। এদের মধ্যে নবাবগঞ্জে ৩, নাটোরে ২, নওগাঁয় ৮, পাবনায় ১, বগুড়ায় ১১, জয়পুরহাটে ১, গাইবান্ধায় ৩, রংপুরে ১৪, নীলফামারীতে ২, কুড়িগ্রামে ১১, দিনাজপুরে ৪৯, ঠাকুরগাঁওয়ে ১৯, পঞ্চগড়ে ১২ এবং রাজশাহীতে ৬ জনকে বহিষ্কার করা হয়।

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, কুমিল্লা বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে মোট ৮৮ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদের মধ্যে কক্সবাজারে ৯, হবিগঞ্জে ১, লক্ষ্মীপুরে ১১, মৌলভীবাজারে ৩, খাগড়াছড়িতে ১১ এবং কুমিল্লায় ৫৩ জনকে বহিষ্কার করা হয়। প্রবেশপত্র ছাড়া যে ১৫২ জন পরীক্ষার্থী প্রথম দিনের পরীক্ষায় অংশ নিয়েছিল তারা আজ পরীক্ষা দেয়নি।

কুমিল্লার বামুইল হাই স্কুলের ১১ জন পরীক্ষার্থী ভুয়া রেজিস্ট্রেশনের কারণে পরীক্ষা দিতে পারেনি। স্কুলের প্রধান শিক্ষক তাদের কাছ থেকে পরীক্ষায় অংশগ্রহণের কথা বলে ৪৪ হাজার টাকা আদায় করেছিল বলে অভিযোগ পাওয়া গেছে। প্রধান শিক্ষক তাজুল ইসলাম এখন পলাতক রয়েছেন।

যশোর থেকে সংবাদদাতা জানান, এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিন শনিবার যশোর শিক্ষা বোর্ডের ৬টি জেলার ১৩টি কেন্দ্র থেকে ১৯ জনকে বহিষ্কার করা হয়েছে। রাত পৌনে ৯টায় শিক্ষা বোর্ডের নিয়ন্ত্রণ কক্ষ এ তথ্য জানায়।

বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যশোর জেলায় ২, কুষ্টিয়ায় ৯, ঝিনাইদহে ৩, খুলনায় ১ এবং পিরোজপুর ও মাগুরা জেলায় ২ জন করে রয়েছে। শনিবার ৪১টি পরীক্ষা কেন্দ্রে ৩শ' ৬৬ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

খেপুপাড়া থেকে সংবাদদাতা জানান, এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে খেপুপাড়া কেন্দ্রে প্রবেশপত্রবিহীন ১২৮ জন পরীক্ষার্থীকে হল থেকে বের করে দেয়ার পর পুলিশের সঙ্গে তাদের ব্যাপক সংঘর্ষ হয়েছে। বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা পরীক্ষার হল এবং একজন শিক্ষকের বাসভবনে ইটপাটকেল ছোড়ে। পুলিশ লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

খেপুপাড়া কেন্দ্রে ৩০৯ জন পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি। এদের মধ্যে ১২৯ জন মামলা করে আদালতে রায় নিয়ে পরীক্ষায় অংশ নিচ্ছে। বাকিরাও প্রথম দিনের পরীক্ষায় অংশ নিয়েছিল। কিন্তু শনিবার কর্তৃপক্ষের নির্দেশে তাদের হল থেকে বের করে দেয়া হয়।

চট্টগ্রাম থেকে বাসস জানায়, জেলার বিভিন্ন কেন্দ্রে শনিবার ১৪৪ জন পরীক্ষার্থীকে হলে অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়েছে। এছাড়া জেলা কন্ট্রোল রুম ও পুলিশ সূত্র জানায়, বিভিন্ন কেন্দ্রে শনিবার আনুমানিক ৩৮৬ জন ছাত্র পরীক্ষার হলে অনুপস্থিত ছিল।